



টমেটোর নাবী ধ্বসা রোগ ব্যবস্থাপনা

টিপস্ ও ফ্যাক্ট
সীট

রোগের নাম

টমেটো নাবী ধ্বসা রোগ (Late Blight of Tomato) একটি ছত্রাকজনিত রোগ।

রোগের লক্ষণ

- পাতার উপর ফ্যাকাশে অথবা ফিকে সবুজ রংয়ের গোলাকার অথবা এলামেলো পানি ভেজা দাগ পড়ে।
- কুয়াশাচ্ছন্ন ও মেঘলা আবহাওয়ায় দাগ সংখ্যা ও আকার দ্রুত বাড়তে থাকে।
- বাদামী থেকে কালচে রং ধারণ করে।
- রোগের আক্রমণ বেশী হলে গাছের কাণ্ড ও সবুজ ফলেও রোগের লক্ষণ প্রকাশ পায়। রোগের লক্ষণ দেখা দেয়ার ৩-৪ দিনের মধ্যে গাছ বলছে যায় ও দ্রুত মহামারী আকারে ছড়িয়ে পড়ে।
- আক্রান্ত জমি থেকে পোড়া পোড়া গন্ধ পাওয়া যায়।



নাবী ধ্বসা রোগাক্রান্ত টমেটো ক্ষেত



আক্রান্ত পাতা



আক্রান্ত কাণ্ড



আক্রান্ত কাঁচা
টমেটো



আক্রান্ত পাকা
টমেটো

রোগ ব্যবস্থাপনা

- রোগমুক্ত এলাকা হতে সুস্থ বীজ সংগ্রহ করা।
- সুস্থ, সবল ও রোগমুক্ত চারা রোপন করা।
- রোগ সহনশীল জাত চাষ করা যেমন মানিক, রতন।
- পরিমিত সার ব্যবহার ও সেচ প্রয়োগ করা।
- শস্য পর্যায়ক্রমে অনুসরণ করা।
- রোগের অনুকূল পূর্বাভাস পাওয়া মাত্র প্রতিরোধক হিসাবে ২ গ্রাম ম্যানকোজেব+মেটালেক্সিল (রিডেমিল গোল্ড, করমিল, মেটারিল) জাতীয় ছত্রাকনাশক প্রতি লিটার পানিতে মিশিয়ে ৩ দিন পর পর ২ বার স্প্রে করা।
- রোগের আক্রমণ বেশী হলে প্রতি লিটার পানিতে ২ গ্রাম সিকিউর মিশিয়ে স্প্রে করলে ভাল ফল পাওয়া যায়।

আরো বিস্তারিত জানতে কল করুন ০১৭৪৬৭৭৪২৮১ নম্বরে
ভিজিট করুন www.ekrishok.com ওয়েবসাইটে

এস এম এস এর মাধ্যমে কৃষি সমস্যার সমাধান পেতে Sub
লিখে এসএমএস করুন ১৬২৫০ নম্বরে
ভিজিট করুন www.ekrishok.com ওয়েবসাইটে



Prepared by Md. Nurul Alam Siddique, email: siddique@biid.org.bd, October 2013

Last Updated: July, 2014.

Source: BARI Handbook, 2011. Vegetable production manual by IRRI, 2009.

